

## আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে জাতিসংঘ মহাসচিব বান কি-মুন এর বাণী

৮ মার্চ ২০০৭

জাতিসংঘ মহাসচিব হিসেবে আন্তর্জাতিক নারী দিবসে আমি আমার প্রথম উষ্ণ শুভেচ্ছা জ্ঞাপন করতে পেরে আনন্দিত ও সম্মানিতবোধ করছি। আমি আশা করছি আগামী দিনগুলোতে আপনারা সবাই আমাকে আপনাদের প্রতিনিধি ও বন্ধু হিসেবে জানবেন।

আজকের দিনটি নারী-পুরুষ নির্বিশেষে আমাদের সবাইকে সমগ্র মানবতার জন্য ঐক্যবন্ধ হওয়ার সুযোগ এনে দেয়। নারীর ক্ষমতায়ন কেবল একটি লক্ষ্য নয়। এই জগতের প্রতিটি মানুষের উন্নত জীবন গঠনের জন্য এটি একটি শর্ত।

এ ব্যাপারে বির্তকের কোন অবকাশ নেই। ২০০৫ সালের বিশ্ব শীর্ষ সম্মেলনের ফলাফলকে কেউ অস্বীকার করতে পারে না। এ সম্মেলনে নেতৃবৃন্দ পুনরায় জোর দিয়ে বলেছেন যে উন্নয়ন, শান্তি ও নিরাপত্তাকে এগিয়ে নিয়ে যেতে সকলের জন্য লিঙ্গ-সমতা ও মানবাধিকার নিশ্চিত করা অবশ্যক।

কিন্তু এখনো আমরা এ সমবোঝাকে সর্বজনীন রীতিতে পরিণত করার ক্ষেত্রে অনেক পিছিয়ে রয়েছি। বিশ্বের প্রায় সব দেশে সিদ্ধান্ত প্রণয়ন পদে নারীদের প্রতিনিধিত্ব কম দেখা যায়। নারীদের কাজের অবমূল্যায়ন করা হয়, তাদেরকে কম বেতন দেওয়া হয় বা আদৌ বেতন দেওয়া হয় না। যে ১০কোটি শিশু এখনও স্কুলে যায় না তাদের অধিকাংশই মেয়ে শিশু। যে ৮ কোটি প্রাপ্তবয়স্ক মানুষ পড়তে পারে না, তাদের অধিকাংশই নারী।

সবচেয়ে খারাপ দিক হল প্রতিটি মহাদেশে, দেশে ও সংস্কৃতিতে নারী ও মেয়ে শিশুদের প্রতি সহিংসতা অপ্রতিহতভাবে চলছে। এটা নারীর জীবন তাদের পরিবার ও পুরো সমাজের ওপর ক্ষতিকর প্রভাব ফেলছে। অধিকাংশ সমাজেই এ ধরনের সহিংসতা নিষিদ্ধ। কিন্তু বাস্তবে দেখা যায় অধিকাংশ ক্ষেত্রেই বিষয়টি চেপে যাওয়া হয় বা নীরবে সয়ে যাওয়া হয়।

এজন্যই আন্তর্জাতিক নারী দিবস এত গুরুত্বপূর্ণ। মূল্যবোধ ও মনোভাবে দীর্ঘস্থায়ী পরিবর্তন আনতে বা আমাদের কাজ করে যাওয়ার দায়িত্বকে এটি স্বরণ করিয়ে দেয়। এটি সরকার, আন্তর্জাতিক সংস্থা, সুশীল সমাজ ও ব্যক্তিখাতকে অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করার আহ্বান জানায়। এটি সমাজের সকল স্তরে নারী-পুরুষের সম্পর্কে রূপান্তর ঘটানোর জন্য আমাদের কাজ করতে বলে। এটি নারী ও মেয়ে শিশুদের শিক্ষা থেকে শুরু করে ক্ষুদ্রঋণ পর্যন্ত ক্ষমতায়নের প্রতিটি পন্থাকে শক্তিশালী করার আহ্বান জানায়।

জাতিসংঘকে অবশ্যই এসব উদ্যোগ গ্রহণের ক্ষেত্রে সামনের সারিতে থাকতে হবে। কেবল আন্তর্জাতিক নারী দিবসের দিনে নয়, বরং প্রতিটি দিন যাতে আমরা তা করি তা নিশ্চিত করতে আমি আমার পক্ষ থেকে সম্ভব সবকিছু করার প্রতিশ্রুতি দিচ্ছি। আমাদের এই যৌথ মিশনে আমি আপনাদের সাথে কাজ করার অপেক্ষায় রইলাম।

\* \* \* \*